



North South University
The first private university in Bangladesh

বিক্রয় বিজ্ঞপ্তি

দরপত্র নং: NSU/23-24-T01

নর্থ সাউথ, বসুন্ধরা ক্যাম্পাসে যেখানে যে অবস্থায় আছে হিসেবে নির্দিষ্ট সংখ্যক পুরোনো প্রিন্টার টোনার, প্রিন্টার কার্টিজ ও কপিয়ার টোনার বিক্রয় হবে।

আগ্রহী ক্রেতাগণ ১০ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত প্রত্যেক কর্মদিবসে ব্যাংকিং সময়ের মধ্যে সাউথ ইস্ট ব্যাংক, বসুন্ধরা শাখা হতে অফেরতযোগ্য ৫০০.০০ (পাঁচশত টাকা) নগদ প্রদানপূর্বক দরপত্র ক্রয় করতে পারবেন।

আগ্রহী ক্রেতাগণ সকল কর্মদিবসে সকাল ১০.০০ থেকে বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নর্থ সাউথ ইউনিভার্সিটি কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ভিত্তিতে নর্থ সাউথ ইউনিভার্সিটি, প্লট # ১৫, ব্লক # বি, বসুন্ধরা, ঢাকা-১২২৯-এ সরাসরি এসে পুরোনো প্রিন্টার টোনার, প্রিন্টার কার্টিজ ও কপিয়ার টোনার ইত্যাদি পর্যবেক্ষণ করতে পারবেন।

দরপত্র দাখিলের সময় সর্বমোট দাখিলকৃত মূল্যের ১০% "আর্নেস্ট মানি" যেকোনো স্বীকৃত ব্যাংক হতে নর্থ সাউথ ইউনিভার্সিটির পক্ষে পে-অর্ডার হিসাবে জমা প্রদান করতে হবে। দরপত্র অবশ্যই মুখবন্ধ খামে ১১ ডিসেম্বর ২০২৩, বেলা ২.১৫ এর পূর্বে নিম্নলিখিত দপ্তরে জমা দিতে হবে। উক্ত দিন (১১ ডিসেম্বর ২০২৩) বেলা ২.৩০ মিনিটে দরপত্র সকলের সামনে উন্মুক্ত করা হবে। দরপত্রদাতা বা তাদের প্রতিনিধিগণ দরপত্র উন্মুক্তের সময় উপস্থিত থাকতে পারবেন। সর্বোচ্চ দরপত্রদাতা বিক্রয়াদেশ পাওয়ার তিনদিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন। সমুদয় মূল্য পরিশোধের ১০ দিনের মধ্যে মালামাল নিজ খরচে সংগ্রহ করতে হবে। সর্বোচ্চ দরপত্রদাতা নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে বিক্রয়াদেশ বাতিল বলে গন্য হবে এবং "আর্নেস্ট মানি" বাজেয়াপ্ত করা হবে।

নর্থ সাউথ ইউনিভার্সিটি কর্তৃপক্ষ কোন প্রকার কারন দেখানো ব্যতিরেকে সকল / যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ডাইরেক্টর, ইন্টার্নাল অ্যাফেয়ার্স

নর্থ সাউথ ইউনিভার্সিটি

প্লট # ১৫, ব্লক # বি, বসুন্ধরা, ঢাকা-১২২৯

ফোন : ৫৫৬৬৮২০০, এক্সটেনশনঃ ১২০৪

ওয়েবসাইট: www.nsu.edu